

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(পত্র বিনিময় শাখা)

[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং- ২৭২ -জি,

তারিখ: ২৮/০৫/২০১৭ খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব সমরেন্দ্র নাথ সরকার-এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০৪/২০১৬ এ আনীত অভিযোগ প্রমানিত হওয়ায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৩ এর ৪ উপবিধি (১)(ই) বিধি অনুসারে তাঁকে ০৪/০৯/২০১৬ খ্রিঃ তারিখ হতে অত্র কোর্টের চাকুরী হতে বাধ্যতামূলক অবসর (Compulsory retirement) প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হয় এবং উক্ত আদেশ তাঁর চাকুরী খতিয়ান বহিতে লিপিবদ্ধ করানোর জন্য আদেশ প্রদান করে অফিস আদেশ জারী করা হয়।

০২। যেহেতু উক্ত কর্মকর্তা বিগত ০৮/০৯/২০১৬ খ্রিঃ তারিখের আবেদনের মাধ্যমে উপর্যুক্ত শাস্তি মওকুফের জন্য বিভাগীয় আপীল(০৩/২০১৬) করেন;

০৩। সেহেতু উক্ত আপীল শুনানীঅন্তে মাননীয় বিচারপতি আশীষ রঞ্জন দাস মহোদয়ের অভিমতের আলোকে মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের ০৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখের আদেশে প্রশাসনিক কর্মকর্তা জনাব সমরেন্দ্র নাথ সরকার-এর আপীল আবেদনের সারবস্তা (Substance) ও গুণাগুণ (Merit) থাকায় আবেদনটিকে ন্যায্যতা(Justify) প্রদান করে আপীল আবেদন গ্রহণযোগ্য হওয়ায় তার উপর আরোপিত দণ্ড মওকুফ করতঃ উক্ত আপীল আবেদনটি নিষ্পত্তি করা হয়।

০৪। তাঁর বাধ্যতামূলক অবসরকালীন সময় কর্মকাল হিসেবে গন্য হবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

আদেশক্রমে,

স্বা/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

E-mail: registrar\_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ১ই/৮ কল-১০/২০১৬/ ৪২২৬ (৪) -জি,

তারিখ: ২৮/০৫/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ০৫ কপি অত্র কোর্টে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা(উক্ত আদেশ তাঁর চাকুরীর খতিয়ান বহিতে নোট করার অনুরোধ করা হলো)।
৫. সিস্টেম এনালিস্ট, আই,টি, শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৬. একান্ত সচিব টু রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (উক্ত আদেশ তাঁর চাকুরীর খতিয়ান বহিতে নোট করার অনুরোধ করা হলো)।
৮. জনাব সমরেন্দ্র নাথ সরকার, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: [sohag\\_ar@supremecourt.gov.bd](mailto:sohag_ar@supremecourt.gov.bd)